

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৭৩

পানিসাগর, ১০ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

**পানিসাগর মহকুমায় ভোটগ্রহণ কর্মীদের দ্বিতীয় পর্যায়ের মহড়া**

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের নির্বাচন উপলক্ষে পানিসাগর মহকুমায় গতকাল ভোটকর্মীদের দ্বিতীয় পর্যায়ের মহড়া অনুষ্ঠিত হয়। পানিসাগর টাউনহলে অনুষ্ঠিত এই মহড়ায় ৫৮-পানিসাগর বিধানসভা কেন্দ্রের ৩০২ জন ভোটগ্রহণ কর্মী অংশ নেন। মহড়ায় পানিসাগর ব্লকের বিডিও নবব্রত দত্ত, ডিসিএম অনিরুদ্ধ দাস, ডিসিএম প্রদীপ কুমার সরকার সহ মাস্টার ট্রেনারগণ ভোটগ্রহণ কর্মীদের প্রশিক্ষণ দেন।

\*\*\*\*\*